গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
www.sadar.jhenaidah.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

অধিবেশন নং : ৫৮/২০২৩

সভাপতি : মোঃ রাশিদুর রহমান (রাসেল), প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর।
সভার তারিখ : ১৪/১২/২০২৩ খ্রিঃ।
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ সভায় উপস্থিতি হাজিরা খাতায় সংরক্ষিত।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণীর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক কোন বিষয়ে সংশোধনী থাকলে তা পেশ করার জন্য অনুরোধ জানান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান, ১৮-২৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ এন্টিমাইক্রোবিয়াল সচেতনতা দিবস পালন করা হয়। নভেম্বর, ২০২৩ খ্রিঃ মাসে যক্ষার কার্যক্রম যথারীতি চলমান আছে। সন্দেহজনক যক্ষার স্যাম্পল কালেকশন ৬০৮। এ মাসে নতুন রোগীর সংখ্যা ৫১, যক্ষা রোগীর স্যাম্পল কালেকশনের জন্য নিয়মিত মাসে ২ বার প্রতিটি কমিউনিটি ক্লিনিকে ক্যাম্প অনুষ্ঠিত হয়। এ মাসে সাগান্না ইউনিয়নে ০১ জন, কালীচরণপুর ইউনিয়নে ০১ জন, সাধুহাটি ইউনিয়নে ০১ জন ও হরিশংকরপুর ইউনিয়নে ০১ জন মোট চিকিৎসা প্রাপ্ত MDR রোগী ৪ (চার) জন। উপজেলার ৪২ টি কমিউনিটি ক্লিনিকের নভেম্বর, ২০২৩ খ্রিঃ মাসে ৩২০০৯ জন গ্রামীণ জনগণ স্বাস্থ্য সেবা পেয়েছেন এবং প্রয়োজনবোধে মোবাইল ফোনের মাধ্যমে ও স্বাস্থ্য সেবা দেওয়া হয়ে থাকে। উল্লেখ্য প্রতিটি কমিউনিটি ক্লিনিকে মডেম এবং ল্যাপটপ দেওয়া হয়েছে যার মাধ্যমে প্রতিদিনের রোগীর তথ্য ডিএইচআইএস-২ সফটওয়্যারের মাধ্যমে এন্ট্রি হচ্ছে। কমিউনিটি ক্লিনিকসমূহ নিয়মিত পরিদর্শনের আওতায় রাখা হয়েছে। ডেঙ্গু সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৪০ টি কমিউনিটি ক্লিনিকে সপ্তাহে ২ (দুই) দিন উঠান বৈঠক করা হয়। ৪০ টি কমিউনিটি ক্লিনিকে নেবুলাইজার মেশিন দেওয়া হয়েছে এবং নেবুলাইজেশন করা হয়। গত ১৪/১১/২০২৩ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভার্চুয়াল মিটিংয়ের মাধ্যমে মধুহাটি ইউনিয়নের মামুনশিয়া কমিউনিটি ক্লিনিক এবং কালীচরণপুর ইউনিয়নের উত্তর কাষ্টসাগরা কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম উদ্বোধন করা হয়। গত ০৭/১১/২০২৩ খ্রিঃ তারিখে কুমড়াবাড়িয়া ইউনিয়নের রাউতাইল কমিউনিটি ক্লিনিকে উপজেলা প্রশাসনের সমন্বয়ে এবং জাইকার অর্থায়নে নরমাল ডেলিভারী রুম এর উদ্বোধন করা হয়। উপজেলার ২ টি উপস্বাস্থ্য কেন্দ্রে গত নভেম্বর, ২০২৩ খ্রিঃ মাসে ১৫১১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। ০-২৮ দিন বয়সী শিশু ০২ | ১। যাদের যক্ষা রোগের লক্ষণ দেখা যাবে তাদেরকে নির্ধারিত দিনে কমিউনিটি ক্লিনিকে অথবা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসে পাঠাতে হবে।<br>২। প্রত্যেক মাসের প্রথম কর্মদিবসে নিজ নিজ দপ্তর ও বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করতে হবে।<br>৩। রাউতাইল কমিউনিটি ক্লিনিকে নির্মাণাধীন ডেলিভারী রুম নির্মাণে উপজেলা প্রকৌশলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এবং ইউডিএফ, ইউজিডিপি তদারকি করবেন।<br>৪। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>৫। সাধুহাটি ইউনিয়নের রাহেলা ক্লিনিকের বিষয়ে স্বাস্থ্য বিভাগ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৬। জন্ম নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদন পত্রে যদি টিকাকার্ডের স্বাক্ষরে ত্রুটি | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | জন মারা গেছে। মাতৃমৃত্যু ০২ জন। ডায়রিয়া বা অন্য সংক্রামক ব্যাধিতে মৃত্যু নাই।<br>কোভিড ১৯ ভ্যাক্সিনের (৫-১১ বছর বয়সী) ১ম ডোজ ৬০৪২১, ২য় ডোজ ৫০৭৮২, (১২-১৭ বছর বয়সী) ১ম ডোজ ৮৯১৮০, ২য় ডোজ ৮০১৪০, (১৮ উর্দ্ধ বছর বয়সী) ১ম ডোজ ৩৫০৭০৩, ২য় ডোজ ৩৪৪৫৮১, ৩য় ডোজ ১৮৭০৬২, ৪র্থ ডোজ ১৪৮২২ জনকে ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। বর্তমানে কোভিড ১৯ ভ্যাক্সিনের কার্যক্রম বন্ধ রয়েছে এবং সার্ভার সমস্যার কারণে সকল প্রকার এন্ট্রি বন্ধ আছে। নভেম্বর, ২০২৩ খ্রিঃ মাসে রুটিন ইপিআই কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। ডিএইচআইএস-২ সফটওয়্যারের মাধ্যমে উপজেলা এবং কমিউনিটি ক্লিনিক থেকে প্রতিদিন এবং মাসিক বিভিন্ন রোগের তথ্য এন্ট্রি দেওয়া হচ্ছে। ডেঙ্গু, নিউমোনিয়া ও এ্যাজমা রোগের প্রাদুর্ভাব বাড়ছে। ঝিনাইদহ শিশু হাসপাতালের পাশে একটি প্রতিষ্ঠানে ডায়ালাসিস কাজ চালাচ্ছিলেন। সে প্রতিষ্ঠান খবর পেয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চেয়ারম্যান, সাধুহাটি ইউনিয়ন পরিষদ জানান যে, তাঁর এলাকায় রাহেলা ক্লিনিক এর কার্যক্রম মোবাইল কোর্ট করে স্বাস্থ্য বিভাগ বন্ধ করেছিল এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে জেল হাজতে প্রেরণ করেছিলেন। জেল থেকে ছাড়া পাওয়ার পর আবারও পুনরায় তারা কার্যক্রম শুরু করেছেন। চেয়ারম্যান, কালীচরণপুর ইউনিয়ন পরিষদ জানান যে, জন্ম নিবন্ধনের জন্য দাখিলকৃত কিছু আবেদনের সাথে স্বাক্ষর ও সিলবিহীন জন্ম নিবন্ধন কার্ড পাওয়া যাচ্ছে। এবিষয়ে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের দৃষ্টি আকর্ষণ করছেন। | দেখা গেলে সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে জানাবেন। | |
| ০২. | <u>কৃষি বিভাগ</u>: উপজেলা কৃষি অফিসার জানান, রবি মৌসুমে ঝিনাইদহ সদর উপজেলায় ফসল উৎপাদন বেশি হয়। এজন্য কৃষকরা রাসায়নিক সারের ব্যবহার বেশি করে থাকেন। তাই সরকারিভাবে মাটি পরীক্ষা করার জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। মাটিতে যেকোন ০১ (এক) টি সমস্যা নির্ণয়ের জন্য সরকারি ফি ২৫ টাকা এবং মাটির সব ধরনের গুনাগুন নির্ণয়ের জন্য সরকারি ফি ৫৬ টাকা। ঝিনাইদহ সদর উপজেলার অফিসিয়াল ফেসবুকের মাধ্যমে মাটি পরীক্ষার বিষয়ে প্রচার অব্যাহত রয়েছে। ড্রাগন চাষে রাসায়নিক ঔষুধের ব্যবহার ব্যাপকভাবে হচ্ছে। বড় সাইজের ড্রাগন খামারে কৃষকরা টনিক নামক ঔষুধ (এক ধরণের হরমোন গ্রোথ) এর ব্যবহার করছেন। যার কারণে হরমোন বেশি হয় এবং চামড়া মোটা হয়। এটি খাওয়া তেমন ক্ষতিকর না। তবে কোন ধরনের হরমোন গ্রোথ ঔষুধ প্রয়োগ না করার ব্যাপারে কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও পেঁয়াজের উৎপাদন স্বাভাবিক আছে কিন্তু কিছু অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেটের কারণে পেঁয়াজের দাম বাড়ছে বলে ধারণা করা হচ্ছে। আধুনিক ও লাগসই প্রযুক্তি ব্যবহার করে চাষাবাদ করার জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ১ ইঞ্চি জমিও যেন অনাবাদী না থাকে এবং নিরাপদ ফল ও সবজি উৎপাদনের লক্ষ্যে অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের বসতবাড়ির আঙ্গিনায় বিভিন্ন প্রকার সবজি উৎপাদন কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও তিনি জানান, দাপ্তরিক সকল | ১। কৃষক পর্যায়ে মাটি পরীক্ষা করে রাসায়নিক সার এবং কীটনাশক ব্যবহারের উপকারিতা সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করতে হবে।<br>২। ড্রাগন চাষে হরমোন জাতীয় ঔষুধ প্রয়োগের ব্যাপারে উপজেলা কৃষি অফিসার চাষীদের/খামারীদের নিরুৎসাহিত করবেন।<br>৩। পেঁয়াজ উৎপাদন স্বাভাবিক থাকা সত্ত্বেও ব্যবসায়ীরা যেন অবৈধভাবে লাভবান না হতে পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>৪। আশ্রয়ণ প্রকল্পের বাড়ির আঙ্গিনায় সৃষ্ট পুষ্টি বাগান তদারকি করতে হবে।<br>৫। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে | উপজেলা কৃষি কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |

R

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | হবে। | |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, ১৮-২৪ তারিখ এন্টিমাইক্রোবিয়াল রেসিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ পালন করা হয়েছে। প্রাণীসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের জনাব পারভেজ মাসুদ এর গরুর খামারাধীন ৩০ ঘনমিটার ক্যাপাসিটি সম্পন্ন বায়োগ্যাস প্লান্ট স্থাপনকাজ চলমান রয়েছে। প্রকল্পের মূল্য আনুমানিক ৮,৫০,০০০/- টাকা। ঝিনাইদহ ক্যাডেট কলেজে ক্ষুরা রোগে আক্রান্ত হয়ে ৩ টি গরু মারা গেছে আক্রান্ত রয়েছে ৪২ টি। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>চেয়ারম্যান, গান্না ইউনিয়ন পরিষদ জানান, তার ইউনিয়নে অবস্থিত কুঠিদূর্গাপুর হাটে প্রতিদিন এলাকার কসাইরা গরু জবাই করেন। কিন্তু হাটের মাঝে গরু জবাই করার কারণে দূর্গন্ধের সৃষ্টি হয়। তাই এলাকার লোকজনের হাটে যাতায়াত ও ব্যবসার চরম ক্ষতি হচ্ছে। | ১। বায়োগ্যাস প্লান্ট স্থাপন কাজ উপজেলা প্রাণীসম্পদ অফিসার তদারকি করবেন।<br>২। যেসব কসাইরা গরু জবাই করে মাংস বিক্রি করে তাদের বিষয়ে হাটবাজার কমিটির সভাপতি (সংশ্লিষ্ট ইউপি) চেয়ারম্যান ও ইউএলএও বর্ণিত স্থান পরিদর্শন করত: প্রতিবেদন প্রেরণ করবেন।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ইউএলএও |
| ০৪. | মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার জানান, শীতের সময় মাছ রোগাক্রান্ত হয়ে যায়। তাই খামারী পর্যায়ে এবং ব্যক্তি পর্যায়ে মৎস্য চাষীদের পরামর্শ প্রদান কাজ অব্যাহত রয়েছে। বর্তমানে উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। মৎস্য চাষীদের মাছ চাষের জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদানকাজ অব্যাহত রাখতে হবে।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইদহ সদর |
| ০৫. | প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী জানান, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি বরাদ্দপত্র পাঠপূর্বক সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। PEDP4 এর আওতায় ৩১ প্রাইমারী স্কুলের নির্মাণকাজ এবং ১১ টি প্রাইমারী স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণকাজ চলমান রয়েছে তন্মধ্যে ১১ টি প্রাইমারী স্কুলের নির্মাণকাজ ও ৭ টি বাউন্ডারী ওয়াল নির্মাণকাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। GPS প্রকল্পের আওতায় গত বছর ৪৩ টি প্রাইমারী স্কুলের কাজ শুরু হয়েছে এবং চলমান রয়েছে তন্মধ্যে ৩৮ টি প্রাইমারী স্কুলের নির্মাণকাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ২০ টি ভোটকেন্দ্র মেরামতের বরাদ্দ পাওয়া গেছে। | ১। এডিপি খাতের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্পের নামের তালিকা দ্রুততম সময়ের মধ্যে দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। PEDP4 ও GPS প্রকল্পের আওতায় প্রাইমারী স্কুলের নির্মাণকাজ উপজেলা প্রকৌশলী সঠিকভাবে তদারকি করবেন এবং বেজ ও ছাদ ঢালাইয়ের সময় সংশ্লিষ্ট সভাপতির উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৩। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্র মেরামতের বরাদ্দ মোতাবেক উপজেলা প্রকৌশলী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন।<br>৪। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৬. | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার (ভাঃ)/ কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় দাপ্তরিক আলোচনা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় দাপ্তরিক আলোচনা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৮. | সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা অফিসার জানান, জানুয়ারি মাসের ১-৭ তারিখের মধ্যে সব ধরণের ভাতাভোগীদের টাকা নগদ একাউন্টে চলে যাবে। ভাতাভোগীদের মোবাইলে টাকা চলে যাওয়ার | ১। সকল ভাতাভোগীদের টাকা সুষ্ঠুভাবে প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | পরে সকলকে দ্রুত টাকা উত্তোলণের জন্য পরামর্শ প্রদানের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। অত্র উপজেলায় ১০০ টির উপরে সমাজসেবামূলক এনজিও নিবন্ধিত রয়েছে যার কোন অস্তিত্ব খুজে পাওয়া যাচ্ছে না। এছাড়াও ঋণ কার্যক্রম সহ দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ২। নিবন্ধিত এনজিওর প্রতিষ্ঠানের বাস্তবচিত্র জানার জন্য সকল ইউনিয়ন পরিষদের তালিকা প্রেরণের সিদ্ধান্ত হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রতিষ্ঠানের বিষয়ে বিস্তারিত তথ্য প্রেরণ করবেন।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | |
| ০৯. | পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) জানান, অত্র উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ১,০০,৫৮২ জন। পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা ৭৮,৭২০ জন হার ৭৮.২৬%। লক্ষ্যমাত্রা অনুসারে স্থায়ী পদ্ধতি- ৩১ জন, ইমপ্লান্ট- ৮৩ জন, আইইউডি- ৭২ জন, ইনজেকশন- ১,৩৯২ ভায়াল, খাবার বড়ি- ১৩,৩৮৮ চক্র, কনডম- ৬,৫৫৪ পিচ, মোট গর্ভবতী- ২,৮৭৭ জন, গর্ভকালীন সেবা- ১,১২০ জন, প্রসবোত্তর সেবা- ৩৯৪ জন, সাধারণ রোগী (পুঃ+মঃ)- ৮,৭৫৩ জন। নিয়মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। পোড়াহাটি, মহারাজপুর, সাগান্না, গান্না ও পদ্মাকর ইউনিয়নে স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ঝিনাইদহে প্রতি সপ্তাহের সোম ও বুধবার স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়। যে সকল পরিবার কল্যাণ সহকারী ট্যাব পেয়েছেন তাদের দম্পত্তি রেজিষ্ট্রেশনের কাজ চলমান। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাবৃন্দ ট্যাবের মাধ্যমে সকল অগ্রগতি/অর্জনের রিপোর্ট ট্যাবে যথারীতি আপলোড করছেন। এছাড়াও তিনি জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। সকল ধরনের সেবা জনগণের দোরগোড়ায় সুষ্ঠুভাবে পৌছে দেওয়ার ব্যাপারে যথাযথ তদারকি করতে হবে।<br>২। ইউনিয়ন পর্যায়ে শিশুর জন্মের পরই তার প্রতি মাসের মাসিক তথ্য স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রেরণ নিশ্চিত করবেন।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচিতে সাধারণ ১ম পর্যায়ে ৩৮.৯৬৮৩ মেট্রিক টন চাউল, ৩৮.৯৬৩৮ মেট্রিক টন গম ও ৮০,৭৭,১০২/- টাকা নগদ বরাদ্দের বিপরীতে ৫৮ টি প্রকল্প গ্রহণ করে জেলা প্রশাসক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। কাজের অগ্রগতি ৫০%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টি আর কর্মসূচিতে ১ম পর্যায়ে ৫৫,২৭,০৬০/- টাকা বরাদ্দের বিপরীতে ২৬ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে কিন্তু কাজ করার জন্য সময় বৃদ্ধি হয়নি। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টি আর কর্মসূচিতে ২য় পর্যায়ে ২৯,৭৪,৯৪৩/- টাকা বরাদ্দের বিপরীতে ইউনিয়ন হতে ৮০% প্রকল্প তালিকা পাওয়া গেছে কিন্তু ২০% এর তালিকা পাওয়া যায়নি। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচিতে ২য় পর্যায়ে ৩৮.৯৫৭৬ মেট্রিক টন চাইল ও ৩৮.৯৫৭৬ মেট্রিক টন বরাদ্দের বিপরীতে ইউনিয়ন হতে ৮০% প্রকল্প তালিকা পাওয়া গেছে কিন্তু ২০% এর তালিকা পাওয়া যায়নি। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার প্রাক্কলন অনুযায়ী সকল প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | ১। সকল প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন এবং তদারকি নিশ্চিত করবেন।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>৩। উপজেলার সকল প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার তদারকি করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সংশ্লিষ্ট সকল |
| ১১. | সমবায় অফিস: উপজেলা সমবায় অফিসার জানান, ঝিনাইদহ সদর উপজেলার ১২০ টি কার্যকর সমিতির মধ্যে ২০২২-২৩ অর্থ বছরের নভেম্বর, ২৩ মাস পর্যন্ত ৬০ টি সমিতির অডিট কার্য সম্পাদন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের নভেম্বর, ২৩ মাস পর্যন্ত | ১। নিয়মিতভাবে পরিদর্শন অডিট কাজ চলমান রাখতে হবে।<br>২। আশ্রয়ণ প্রকল্পের ঋণ | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ১০১৮১০/- টাকা অডিট ফি আদায় করে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের নভেম্বর, ২৩ মাস পর্যন্ত ৪১২১১ টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে ডিডি'র মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ঝিনাইদহ সদর উপজেলাধীন মোট ০৯ টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | প্রদান ও আদায় কার্যক্রম এবং যাবতীয় সরকারি অর্থ আদায় করে সরকারি কোষাগারে সুষ্ঠুভাবে জমা নিশ্চিত করতে হবে।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | |
| ১২. | যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, ঝিনাইদহ সদর উপজেলায় ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় গরু খামারীদের বায়োগ্যাস প্লান্ট প্রস্তুত বিষয়ক প্রশিক্ষণের জন্য এক ব্যাচ ৩০ (ত্রিশ) জনের বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩-২৪ অর্থ বছরে যুব প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪৫০ জন, অর্জন হয়েছে ৯০ জন। ২০২৩-২৪ অর্থ বছরে যুব ঋণের লক্ষ্যমাত্রা ৫৫,৫০,০০০/- টাকা, অর্জন হয়েছে ৩২,৫০,০০০/- টাকা। চলতি মাসে যুব ঋণ আদায়যোগ্য ৪,৩৯,৮৬৮/- টাকা। চলতি মাসে যুব ঋণ আদায়কৃত ৪,২২,১৯৮ টাকা, আদায়ের হার ৯৫.৯৮%। ক্রমপঞ্জিত যুব ঋণ আদায়যোগ্য ৬,১৫,২৭,৭৫৯/- টাকা। ক্রমপুঞ্জিত যুব ঋণ আদায়কৃত ৬,১০,৩৩,৪৬৬/- টাকা, আদায়ের হার ৯৯.১৫%। এছাড়াও কম্পিউটার সার্ভিসিং ও ড্রাইভিং প্রশিক্ষণের জন্য জেলা অফিসে যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১। সঞ্চয় ও ঋণদান কর্মসূচি সঠিকভাবে করতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | পল্লী উন্নয়ন বিভাগ: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান, বিআরডিবি এর আওতায় অন্তর্ভুক্ত সদস্যদের বিভিন্ন ব্যাচে প্রশিক্ষণ প্রদান চলামন রয়েছে। প্রশিক্ষিত জনগণের মাঝে ঋণ বিতরণ পূর্বক স্বাবলম্বী করার চেষ্টা অব্যাহত রয়েছে। এলাকাভিত্তিক বিভিন্ন সমিতির ঋণ প্রদান, সঞ্চয় ও ঋণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>২। সকল ঋণের আদায়ের ক্ষেত্রে তদারকি নিশ্চিত করতে হবে।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, নলকূপ সংক্রান্ত যে সমস্ত সমস্যা বর্তমানে পাওয়া যাচ্ছে তা যাচাই করে ব্যবস্থা গ্রহণের কাজ চলমান রয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সকল চেয়ারম্যানদের উদ্দেশ্যে সভায় জানান, নলকূপ সংক্রান্ত সকল সমস্যার বিষয়ে বিস্তারিত বিবরণসহ তালিকা সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে অনুরোধ জানান। | ১। যে সমস্ত নলকূপের কাজ শেষ হয়নি তা পরিদর্শন করে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৫. | সামাজিক বনায়ন বিভাগ: উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তা জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তা |
| ১৬. | মহিলা বিষয়ক বিভাগ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় সদর উপজেলায় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। যৌতুক, বাল্যবিবাহ প্রতিরোধ, আইন সহায়তা, নারী ও শিশুপাচার, আত্মহত্যা প্রতিরোধ ও অন্যান্য সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। যৌতুক, বাল্যবিবাহ প্রতিরোধ, আইন সহায়তা, নারী ও শিশুপাচার, আত্মহত্যা প্রতিরোধ ও অন্যান্য সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন অফিসার/ কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় দাপ্তরিক আলোচনা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৮. | পরিসংখ্যান অফিস: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান, আমন ফসলের পরীক্ষামূলক কর্তন, আমন ফসলের আনুমানিক হিসাব, আমন ফসলের মূল্য ও উৎপাদন জরিপ, গম ফসলের পূর্বাভাস জরিপ, আলু ফসলের পূর্বাভাস জরিপ, গ্রীষ্মকালীন চীনাবাদাম ফসলের আনুমানিক হিসাব মাসিক কৃষি মজুরের তথ্য জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়াও এস বি এস এর ৮ টি স্পটের জন্য, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বর্হিগমন এর তথ্য অনলাইন সার্ভারে প্রেরণ করা হয়েছে এবং ৩ টি স্পট সরেজমিনে যাচাই করা হয়েছে। নারী নির্যাতনের উপর জরিপ VAW লিস্টিং এর কাজ চলমান রয়েছে। মাসিক কৃষি মজুরের তথ্য জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৯. | খাদ্য অফিস: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় চাউল বিতরণ স্বাভাবিক রয়েছে। আমন সংগ্রহ অভিযানে "কৃষকের এ্যাপস" এর মাধ্যমে লটারীতে কৃষক নির্বাচন সম্পন্ন হয়েছে। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৯৯৭.০০ মেট্রিক টন, চাউল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৫৮১.০০ মেট্রিক টন। খাদ্য গুদামে ৫৭৮৩.২৫০ মেট্রিক টন চাউল এবং ৪৯৭.৮২০ মেট্রিক টন গম মজুদ রয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল)/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০. | উপজেলা আইসিটি অফিস: সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস জানান, হার পাওয়ার প্রকল্পের আওতায় ১ম ব্যাচে "মহিলা ই-কমার্স প্রফেশনাল" কোর্সে মোট ২৫ জন নারীর প্রশিক্ষণ চলমান রয়েছে। মহিলাদের জন্য "কল সেন্টার" কোর্সে বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই কার্যক্রম শুরু করা হবে। কাঞ্চননগর স্কুল এন্ড কলেজে ছাত্র-ছাত্রীদের পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিষদের নতুন ভবনে জয় SET সেন্টার এবং কাঞ্চননগর স্কুল এন্ড কলেজে রোবটিক্স ক্লাব স্থাপনের কাজ চলমান। সরকারি দপ্তরের স্ব স্ব ওয়েব পোর্টেলের তথ্য আপডেটের জন্য অনুরোধ করা হয়। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। হার পাওয়ার প্রকল্পের আওতায় ১ম ব্যাচে "মহিলা ই-কমার্স প্রফেশনাল" কোর্সে মোট ২৫ জন নারীর প্রশিক্ষণ কার্যক্রম সহকারী প্রোগ্রামার তদারকি করবেন এবং মহিলা কল সেন্টার প্রশিক্ষণ দ্রুত শুরুর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে।<br>৩। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস |
| ২১. | আনসার ও ভিডিপি অফিস: উপজেলা আনসার ও ভিডিপি অফিসার/ কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় দাপ্তরিক আলোচনা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ: উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান, ঝিনাইদহ সদর উপজেলায় নাবী পাটবীজ উৎপাদনের লক্ষ্যে ১৫ একর জমিতে পাটচাষ করা হয়েছে। সম্ভাব্য ফলন ৭৫৪০ কেজি এবং ক্রয়ের চাহিদা ৫৮০০ কেজি। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। পাট চাষের বিষয়ে চাষীদের পরামর্শ ও উৎসাহ দিতে হবে।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপঃ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল: উপ-সহ: প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল জানান, নির্বাচন উপলক্ষ্যে ১১ টি ভোটকেন্দ্র মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। | ১। বরাদ্দ অনুযায়ী ভোটকেন্দ্র মেরামত দ্রুত শেষ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল |

R

| | | | |
|---|---|---|---|
| | | ২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | |
| ২৪. | উপজেলা রিসোর্স সেন্টার: ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার জানান, শিক্ষকদের কারিকুলাম প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার |
| ২৫. | পল্লী সঞ্চয় ব্যাংক: শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংকের প্রতিনিধি জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় ঝিনাইদহ সদর উপজেলার সকল সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) আওতায় ২০২১-২২ (ষষ্ঠ পর্ব) অর্থ বছরে গৃহীত অবকাঠামো উন্নয়ন কাজ চলমান আছে। তিনি আরও জানান, যেহেতু ইউজিডিপি প্রকল্পটি উপজেলার সার্বিক কর্মক্ষমতার উপর ভিত্তি করে সরকারের গৃহীত একটি প্রকল্প তাই সদর উপজেলার কর্মক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা ওয়েবপোর্টাল আপডেট নিশ্চিত হওয়া জরুরী। এজন্য উপজেলা কমিটির সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনা, উপজেলা বার্ষিক পরিকল্পনা, বাজেট, আর্থিক বিবরণী, সিটিজেন চার্টার ইত্যাদি নথিসমূহ উপজেলা পরিষদ ওয়েবপোর্টালে আপলোড করা প্রয়োজন। | ১। ২০২১-২২ (ষষ্ঠ পর্ব) অর্থ বছরে গৃহীত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজসমূহ যথাযথভাবে উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, ইউজিডিপি তদারকি করবেন।<br>২। স্থায়ী কমিটির সদস্য সচিবগণ সভা করত: এর কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ,ইউজিডিপি/ ১৭ টি উপজেলা কমিটির সদস্য সচিবগণ। |
| ২৭. | বিএডিসি (ক্ষুদ্রসেচ): সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জানান, অত্র দপ্তরে আবেদনকৃত সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের জন্য পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। আবেদনকৃত সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের জন্য একটি বরিং হতে আরেকটির দুরত্ব ৮০০ ফিট হতে হবে মর্মে নীতিমালায় উল্লেখ রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, যেহেতু নীতিমালা অনুযায়ী লাইসেন্স প্রদান করতে হবে সেহেতু লাইসেন্স নিয়ে স্থাপনকৃত মটরের পার্শ্ববর্তী জমিতে পানি দেওয়ার জন্য বিএডিসি ক্ষুদ্রসেচের যে নিয়ম আছে সেটি কঠোরভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। কেউ লাইসেন্সের শর্তাবলী লঙ্ঘন করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী,(ক্ষুদ্রসেচ), বিএডিসি |
| ২৮. | বিবিধ আলোচনা: সভাপতি জানান, উপজেলা পরিষদে নভেম্বর/২৩ মাসে নিম্নলিখিত ব্যয় হয়েছে।<br>১। আপ্যায়ন ব্যয়:<br>ক) বিভিন্ন সভা-৩০,০০০/-টাকা<br>খ) স্যান্ডিং কমিটির সভার আপ্যায়ন-৮,০০০/- টাকা<br>২। আনুসাংগিক খরচ-৪,৮০০/- টাকা<br>৩। ইন্টারনেট বিল বাবদ ৮,০০০/-টাকা<br>৪। সম্মানী:<br>ক) ভাইস চেয়ারম্যান-২৭,০০০/- টাকা<br>খ) মহিলা ভাইস চেয়ারম্যান-২৭,০০০/- টাকা<br>৫। উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে নিয়োজিত কর্মচারীর মজুরী:<br>ক) পরিচ্ছন্নতা কর্মী-১৫,৪০০/-টাকা<br>খ) মালী-১৪,০০০/- টাকা<br>৬। ভ্রমণ ভাতা:<br>ক) ভাইস চেয়ারম্যান-১০,৫০০/- টাকা<br>খ) মহিলা ভাইস চেয়ারম্যান-১০,৫০০/- টাকা<br>৭। অডিটোরিয়ামের নিচতলা রংকরণ: ২৪,৫০০/- টাকা | উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয়সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ৮। অডিটোরিয়ামের সোফা রংকরণ: ২২,৫০০/- টাকা<br>৯। অডিটোরিয়ামের বৈদ্যুতিক মেরামত ৯,৬৬৪/- টাকা<br>বর্ণিত ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মেটানো যেতে পারে। | | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাশিদুর রহমান (রাসেল)
প্যানেল চেয়ারম্যান-১
ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ, ঝিনাইদহ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৪৬.৪৪.৪৪১৯.০০০.০২.০০১.২০২২-২২২(৫৫)

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০৬। মেয়র, ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ।
০৭। উপজেলা..........................................কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০৯। চেয়ারম্যান,..........................................ইউপি (সকল), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
১০। ..........................................সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
১১। অফিস কপি।

১৪/১২/২০২৩

(রাজিয়া আক্তার চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ, ঝিনাইদহ
email: unojhenaidah@mopa.gov.bd